



নং : - প্রস্ম:/ইবি-২০১২/৭৫৩

তারিখ: ২৩.৩.২০১২

নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলী

ইসলামী বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ নিম্নবর্ণিত শূন্য স্থায়ী/অস্থায়ী পদগুলো পূরণের নিমিত্তে বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

ক্রমিক	বিভাগ/অফিস	পদের নাম সংখ্যা	বেতন স্কেল	আবেদনের সংশ্লিষ্ট বিষয়সমূহ
১.	ফিন্যান্স এন্ড ব্যাংকিং	প্রভাষক ০৩টি (০১টি স্থায়ী, ০১টি অধ্যাপক পদের বিপরীতে অস্থায়ী এবং ০১টি সহযোগী অধ্যাপক পদের বিপরীতে অস্থায়ী)	২২০০০-৫৩০৬০/=	ফিন্যান্স এন্ড ব্যাংকিং
২.	হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট	প্রভাষক ০১টি (সহকারী অধ্যাপক পদের বিপরীতে অস্থায়ী)	২২০০০-৫৩০৬০/=	হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ও ব্যবস্থাপনা
৩.	ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট	প্রভাষক ০১টি (সহকারী অধ্যাপক পদের বিপরীতে অস্থায়ী)	২২০০০-৫৩০৬০/=	ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট, ব্যবস্থাপনা ও মার্কেটিং

উল্লেখ্য, অফিস স্মারক নং-প্রশাঃ/ইবি-২০১৫/২০১০, তারিখ-২০/১০/২০১৫ দ্বারা ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের শিক্ষক নিয়োগের বিজ্ঞপ্তি গত ১৪/৭/২০১৮ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ২৪১ তম সভায় বাতিল করায় ইতোপূর্বে যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করতে হবে।

প্রভাষকঃ

- এস.এস.সি/সমমান উভয় পরীক্ষায় মোট জিপিএ ৯.০০ থাকতে হবে। তবে সনাতন পদ্ধতির ক্ষেত্রে উভয় পরীক্ষায় প্রথম বিভাগ থাকতে হবে।
- স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষার মধ্যে যে কোন একটিতে ৩.৫০ এবং অপরটিতে ৩.৭৫ (৪.০০ এর মধ্যে) এর নিচে নয়। তবে সনাতন পদ্ধতির ক্ষেত্রে উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে।
- শিক্ষক হিসেবে নিয়োগের ক্ষেত্রে কোন স্তরে তৃতীয় শ্রেণী/বিভাগ থাকলে তিনি যোগ্য বলে বিবেচিত হবেন না।
- এম.ফিল/পিএইচডি ডিগ্রীধারী প্রার্থীদের ক্ষেত্রে তৃতীয় বিভাগ/শ্রেণীর শর্ত ব্যতীত যে কোন একটি শর্ত শিথিলযোগ্য।

উল্লেখিত, পদগুলোর শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, অন্যান্য প্রশংসাপত্রের সত্যায়িত কপি, নম্বরপত্র ও সম্প্রতি তোলা পার্সপোর্ট আকারের ০৩ কপি সত্যায়িত ছবিসহ যে সকল প্রার্থী অগ্রণী ব্যাংক ইবি শাখা হতে ১০০/= টাকার বিনিময়ে আবেদন ফরম সংগ্রহ করবেন তাঁরা অগ্রণী ব্যাংক, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখা কুষ্টিয়ার উপর গৃহীত (অগ্রণী ব্যাংকের যে কোন শাখা হতে) ১,০০০/(এক হাজার) টাকা এবং যে সকল প্রার্থী অনলাইন হতে আবেদন ফরম সংগ্রহ করবেন তাঁদের ১,১০০/(এক হাজার একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ পূর্ণ ০৮ (আট) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়ার অনুকূলে (চাকুরীরতদের বেলায় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে) আগামী ০৭/৪/২০১৯ তারিখের মধ্যে রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া (অফিস চলাকালীন সময়ে) বরাবর পৌছাতে হবে।

(এস,এম,আব্দুল লতিফ)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়